বীর শহীদ

মোঃ মমিনুল ইসলাম রিদয়

জন্ম তারিখ:	১১ নভেম্বর, ১৯৯৯
শাহাদাতের তারিখ:	১৯ জুলাই, ২০২৪
বিভাগ:	ঢাকা সিটি
জেলা:	ঢাকা

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : ছাত্র, বঙ্গবন্ধু সরকারি কলেজ, ঢাকা, ডিগ্রী প্রথম বর্ষ

শাহাদাতের স্থান : মিরপুর-১০, ফায়ার সার্ভিস সংলগ্ন, ঢাকা

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

পিতা মো: সাইফুল ইসলাম বিপ্লব ভাগ্য অন্বেষণে লক্ষ্মীপুর ছেড়ে পাড়ি জমান ঢাকা শহরে। একটি স্বচ্ছল সুখী সংসার জীবনযাপন করে কায়ক্লেশে দিন যাচ্ছিল তার। ক্ষুদ্র ব্যবসায়ী জনাব সাইফুল ইসলাম ঢাকা শহরে ভ্যান গাড়িতে করে সবজি বিক্রি করতেন।

সাইফুল ও মরিয়ম বেগম দম্পতির প্রথম সন্তান ছিলেন শহীদ মমিনুল ইসলাম রিদয়। ১৯৯৯ সালের নভেম্বর মাসের ১১ তারিখে লক্ষ্মীপুরেই জন্ম হয় রিদয়ের।
বাবার মাসিক ৩০০০০ টাকার উপার্জনে ২৭ নম্বর রোডের ব্লক ডির ১/১ নং বাসায় ভাড়া থাকতো পরিবারটি। রিদয় বঙ্গবন্ধু সরকারি কলেজে ডিগ্রিতে পড়ালেখা করতেন। দ্রুত পড়ালেখা শেষ করে সংসারের হাল ধরতে চান দিয়ে। দুইবোন আর বাবা মাকে নিয়ে ভালোই কাটছিল হৃদয়ের দিনগুলো। কিন্তু জুলাই মাসে গোটা দেশ অস্থির হয়ে উঠে। বেআইনি, অনির্বাচিত জুলুমবাজ আওয়ামী সরকার তখন ক্ষমতায়। লাঠির জোরে তারা যে কোনো যৌক্তিক কথাকে স্তব্ধ করে দিতে বেশ পটু। দীর্ঘ ১৫ বছরে তারা একটি গুন্ডাতন্ত্র তৈরি করে তুলেছিল। তাদের চাঁদাবাজ, দখলদারী, প্রভাব বিস্তারে যারপরনাই বিরক্ত বাংলাদেশের ১৮ কোটি মানুষ।
কোটা সংস্কার আন্দোলন শুরু হয় ২০২৪ সালের জুলাই মাসে। মিরপুরে তখন সকল স্কুল কলেজ, প্রাইভেট বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আন্দোলনের অভেদ্য দুর্গ গড়ে তুলতে সক্ষম হয়। শহীদ মমিনুল ইসলাম রিদয় ছিলেন মিরপুরের একজন সক্রিয় আন্দোলনকারী। বাবা মায়ের একমাত্র আশার প্রদীপ ছিলো রিদয়। কিন্তু আশার প্রদীপটি হঠাৎ নিভে যায় পুলিশ, ছাত্রলীগ ও আওয়ামী লীগের ক্যাডার বাহিনীর আক্রমণে। তার আদরের দুই বোন রিয়া ও রিপা চিরদিনের জন্য বঞ্চিত হয় বড় ভাইয়ের আদর ও স্নেহ থেকে। মুহূর্তেই যেন লন্ডভন্ড হয়ে যায় একটি সাজানো গোছানো পরিবার।

শহর জুড়ে উত্তাল বিক্ষোভের দিনগুলোতে রিদয়কে দেখা যেত আঙুল উঁচিয়ে বুক চিতিয়ে শ্লোগান দিতে-
কোটা না মেধা
মেধা মেধা!
দালালী না রাজপথ
রাজপথ রাজপথ!
এই রাজপথে সূর্য সন্তান ছিলেন শহীদ রিদয়। ১৯ জুলাই ২০২৪ শুক্রবার 'কমপ্লিট শাটডাউন' চলাবস্থায় রিদয় বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে অংশগ্রহণ করেন। তার অবস্থান ছিল মিরপুর ১০ নাম্বার ফায়ার সার্ভিসের পাশে। সকাল ১১ টা থেকে স্বৈরাচারী পুলিশ বাহিনী সাধারণ ছাত্রদের শান্তিপ্রিয় আন্দোলনে টিয়ারশেল ও গুলি ছুড়তে থাকে। পুলিশ বাহিনীর সাথে যুক্ত হয় যুবলীগের সন্ত্রাসী বাহিনী। মিরপুর মূল সড়ক থেকে ছাত্রদের সরাতে উভয় ঘাতক বাহিনী টিয়ারশেল ও গুলি ছুড়তে থাকে। ৫ টা ৩০ মিনিটের সময় মমিনুল ইসলাম পিঠে গুলি খেয়ে মারাত্মকভাবে আহত হন। ছাত্ররা ঝুঁকি নিয়ে তাকে উদ্ধার করে প্রথমে আল হেলাল ও পরে সোহরাওয়ার্দি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মমিনুল ইসলাম রিদয়কে মৃত ঘোষণা করেন। মিরপুরে জানাজা শেষে কালশি কবরস্থানে শহীদের লাশ দাফন করা হয়।

এক নজরে শহীদের ব্যক্তিগত প্রোফাইল
নাম : মো: মমিনুল ইসলাম রিদয়
পেশা : ছাত্র, বঙ্গবন্ধু সরকারি কলেজ, ঢাকা, ডিগ্রী প্রথম বর্ষ
জন্ম তারিখ : ১১ নভেম্বর ১৯৯৯
শহীদ হওয়ার তারিখ : ১৯ জুলাই ২০২৪, শুক্রবার, আনুমানিক বিকাল ৫.৪৫
শাহাদাত বরণের স্থান : মিরপুর-১০, ফায়ার সার্ভিস সংলগ্ন
স্থায়ী ঠিকানা : লক্ষ্মীপুর

পিতা : মো: সাইফুল ইসলাম বিপ্লব

মাতা : মোছা: মরিয়ম বেগম

প্রস্তাবনা : শহীদের পিতাকে মাসিক বা এককালিন আর্থিক সহযোগিতা করা যেতে পারে।

পবিত্র কুরআনের বাণী

নিশ্চয় আল্লাহ মুমিনদের প্রাণ ও ধন-সম্পদ জান্নাতের বিনিময়ে ক্রয় করে নিয়েছেন। তারা আল্লাহর পথে লড়াই করে। (সুরা তাওবা ৯:১১১)

হাদীস শরীফ

রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের জন্য জান্নাতে ৭০ জন আত্মীয়ের জন্য সুপারিশ করার অধিকার থাকবে।” (সুনান আবু দাউদ ২৫২০)

দোয়া পাঠ: 0 জন

শহীদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি



NATIONAL UNIVERSITY
Gazipur 1704, Bangladesh
Bachelor Degree (Pass)
Registration Card

Registration No: 21102809052 Academic Session: 2021

Student's Name	MOMINUL ISLAM HRIDOY
Father's Name	SAIFUL ISLAM BIPLOB
Mother's Name	MORIOM BEGUM MONI
College Code	6485
College Name	GOVT. BANGA BANDHU COLLEGE
Status	Private
Course Name & Code	B. S. S. (Pass) - 02

Subject Codes & Title

131001	BENGALI NATIONAL LANGUAGE	111901	POLITICAL SCIENCE
121101	ENGLISH (COMPULSORY)	112001	SOCIOLOGY
111501	HISTORY OF THE EMERGENCE OF INDEPENDENT BANGLADESH		
111801	ISLAMIC STUDIES		

Student's Full Signature | Seal and Signature of Principal | Signature of Registrar

NB:
1. Student shall sign his/her full name.
2. The principal will attest the photograph in the registration card.
3. The National University authority reserves the right to correct/cancel the card if any error is found after the registration.
4. This registration card is valid up to session 2026.

SL No: 6000620
Note: This document contains digital signature of Registrar, National University.
For verification: http://www.nu.edu.bd/admissions/regicard

REGISTRAR
23.08.2022 10:20



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
Temporary National ID Card / সাময়িক জাতীয় পরিচয় পত্র

নাম: মোঃ মমিনুল ইসলাম রিদয়
Name: MD. MOMINUL ISLAM HRIDOY
পিতা: মোঃ সাইফুল ইসলাম বিপ্লব
মাতা: মোছাঃ মরিয়ম বেগম
Date of Birth: 11 Nov 1999
ID NO: 7807404723



0211028090526

National University
Gazipur- 1704

Application For Bachelor Degree(Pass) 1st year Examination 2022

Student's Copy

Student's Name	MOMINUL ISLAM HRIDOY		
Father's Name	SAIFUL ISLAM BIPLOB		
Registration No	21102809052	Session [Year]	2021 [Year]
Registration Type	PRIVATE		
College Code & Name	6485-GOVT. BANGABANDHU COLLEGE		
Course Code & Name	2-B. S. S.		
Paper Code	111501, 111801, 111803, 111901, 111903, 112001, 112003		
University fee	1000/= In words: One Thousand Taka Only (**Excluding college, centre & others fee)		

Date: 25/10/2023
Signature & Seal of Principal